দৈনিক সংবাদ

তারিখ 22 AUG 1989
পৃষ্ঠা

067

## এস.এস সি রেফার্ড পরীক্ষা উপজেলা অথবা জেলা শহরে নেওয়া হউক

বিগত এস,এস, সি পরীক্ষায় যে সকল ছাত্রছাত্রী রেফার্ড পাইয়াছে তাহাদের পরীক্ষা কোথায় অনুষ্ঠিত হইবে এবং কখন হইবে, তাহা অদ্যাবধি লিখিতভাবে বোর্ড কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রেরণ করেন নাই। লোকমুখে শোনা যাইতেছে যে, রেফার্ড পরীক্ষা সংশ্লিষ্ট বোর্ডে অনুষ্ঠিত হইবে। যদি তাই হয় তবে, প্রত্যন্ত উপজেলা অঞ্চলের পরীক্ষার্থীদের আর্থিক ক্ষতি এবং দুর্ভোগের সীমা থাকিবে না। কেননা, এমন অনেক পরীক্ষার্থী আছেন যাহারা খুবই গরীব, সংশ্লিষ্ট বোর্ডে যাইয়া পরীক্ষা দেওয়ার সঙ্গতি নাই। তাছাড়া এমন অনেকেই আছেন যাহারা অথবা তাহাদের অভিভাবকগণ কখনো ঢাকা শহর কী অন্যান্য বিভাগীয় শহরে যান নাই। এরূপ ক্ষেত্রে অচেনা জায়গায় নিরাপত্তার প্রশ্নও চিন্তার বিষয়। কাজেই, রেফার্ড প্রাপ্ত ছাত্র ছাত্রীরা সমূহ অসুবিধা-হেতু উপজেলা অথবা জেলা সদরে পরীক্ষাপর্ব শেষ করিতে পারেন সেইদিকে মাননীয় শিক্ষা-মন্ত্রী এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সঠিক পদক্ষেপ নিয়ে দুর্দশাগ্রস্ত ছাত্র-ছাত্রী ও অভিভাবকগণকে দুঃশ্চিন্তার হাত হইতে রক্ষা করিবেন।

মো: রফিকুল আলম
দশহান, বারহাট্টা, নেত্রকোনা।